

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৭৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৩. দিতীয় অনুচ্ছেদ - জুমু'আর সালাত ফরয

আরবী

وَعَن سَمُرَةَ بْنِ جُنْدُبٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ تَرَكَ الْجُمُعَةَ مِنْ غَيْرِ عُذْرٍ فَلْيَتَصِدَّقْ بِدِينَارٍ فَإِنْ لَمْ يَجِدْ فَبِنِصْف دِينَارٍ» . رَوَاهُ أَحْمد وَأَبُو دَاؤُد وَابْن مَاجَه

বাংলা

১৩৭৪-[৫] সামুরাহ্ ইবনু জুনদুব (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে লোক কোন কারণ ব্যতীত জুমু'আর সালাত (সালাত/নামায/নামাজ) ছেড়ে দেবে সে যেন এক দীনার সদাকাহ্ (সাদাকা) করে। যদি এক দীনার পরিমাণ সংগ্রহ করতে না পারে, তাহলে অর্ধেক দীনার সদাকাহ্ (সাদাকা) করবে। (আহমাদ, আবূ দাউদ ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবু দাউদ ১০৫৩, নাসায়ী ১৩৭২, ইবনু মাজাহ্ ১১২৮, ইবনু আবী শায়বাহ্ ৫৫৩৫, আহমাদ ২০০৮৭, ২০১৫৯, ইবনু খুযায়মাহ্ ১৮৬১, ইবনু হিব্বান ২৭৮৯, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৫৯৮৯, শু'আবুল ঈমান ২৭৫৬, য'ঈফ আল জামি' ৫৫২০। কারণ এর সানাদে কুদামাহ্ ইবনু ওয়াবরাহ্ একজন মাজহূল রাবী, তিনি ক্বাতাদাহ্ ছাড়া অন্য কারো থেকে হাদীস বর্ণনা করেননি। ইমাম আহমাদ (রহঃ) বলেছেন, সে অপরিচিত।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনু হাজার (রহঃ) বলেন যে, এ সদাকাহ্ (সাদাকা) জুমু'আহ্ বর্জনের পূর্ণ পাপ মিটিয়ে দিবে না, যা ওই হাদীসের বিরোধী হবে যে, যে ব্যক্তি বিনা কারণে জুমু'আহ্ বর্জন করবে তার জন্য কিয়ামাত (কিয়ামত) দিবস ছাড়া কোন কাক্ষারাহ্ নেই এবং এখানে সদাকাহ্ (সাদাকা) দ্বারা পাপ হালকা হওয়ার আশা করা যেতে পারে। আর এখানে ১ দীনার ও অর্ধ দীনার উল্লেখ করা হয়েছে পূর্ণ বিবরণের জন্য। সুতরাং তা দিরহাম বা অর্ধ দিরহাম উল্লেখের বিরোধী নয় এবং আবূ দাউদের বর্ণনা অনুযায়ী এক সা' বা অর্ধ সা' গোশ্ত (গোশত/গোস্ত/গোসত)



দেয়া যেতে পারে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন